



ইঞ্জিনিয়ারিং অনুষদ

# মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

সন্তোষ, টাঙ্গাইল-১৯০২, ফোনঃ ০৯২১-৬১০৩৬

সূত্রঃ মাভাবিপ্রবি/ইঞ্জিঃ অনুঃ/ ভর্তি পরীক্ষা/২০১৭-১৮/

তারিখঃ ৪ মাঘ ১৪২৪  
১৭ জানুয়ারী ২০১৮

## বিজ্ঞপ্তি

মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের 'এ' ইউনিটে বিএসসি (ইঞ্জি.) প্রোগ্রামে ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষার বিভিন্ন কোটায় মেধা তালিকায় উত্তীর্ণ এবং ১৪ জানুয়ারী ২০১৮ তারিখ সাক্ষাৎকারে উপস্থিত প্রার্থীদের মেধাক্রম ও পছন্দ অনুযায়ী সংযুক্ত তালিকা অনুযায়ী ২১ জানুয়ারী ২০১৮ তারিখ রোজ রবিবার সকাল ১০.০০ টা থেকে বিকাল ০৩.০০ টা পর্যন্ত নিম্নোক্ত 'ফি' সমূহ পরিশোধপূর্বক ভর্তি হওয়ার জন্য নির্দেশ দেয়া হলো। আসন খালি থাকা সাপেক্ষে ১৪ জানুয়ারী ২০১৮ তারিখ সাক্ষাৎকারে অংশগ্রহণকারী প্রার্থীদের মধ্য হতে ভর্তির জন্য মেধাক্রমানুসারে ২৩ জানুয়ারী ২০১৮ তারিখ তালিকা প্রকাশ করা হবে। প্রকাশিতব্য তালিকার প্রার্থীদেরকে আগামী ২৮ জানুয়ারী, ২০১৮ তারিখ রবিবার সকাল ১০.০০ টা থেকে বিকাল ০৩.০০ টার মধ্যে ভর্তি করা হবে।

ক্রমিক	খাত সমূহের নাম	টাকার পরিমাণ
০১.	সেমিস্টার ফি	৫০০/-
০২.	ভর্তি ফি	২,৫০০/-
০৩.	ক্রেডিট ফি ( আইসিটি-২০ ক্রেডিট)	২২০০/-
০৪.	রেজিস্ট্রেশন ফি	১০০০/-
০৫.	ক্রীড়া ফি	৪০০/-
০৬.	ছাত্র কল্যাণ তহবিল ফি	২০০/-
০৭.	সাংস্কৃতিক ফি	৪০০/-
০৮.	মেডিক্যাল ফি	২০০/-
০৯.	ধর্মীয় অনুষ্ঠান ফি	৫০/-
১০.	পরিবহন উন্নয়ন কাঠামো ফি	৫০০/-
১১.	গ্রন্থাগার জামানত ফি (ফেরত যোগ্য)	১,০০০/-
১২.	ল্যাবঃ/ ব্যবহারিক ফি	৫০০/-
১৩.	পরীক্ষা ফি	৫০০/-
১৪.	পরিচয়পত্র ফি	১০০/-
১৫.	লাইব্রেরী কার্ড ফি	৫০/-
১৬.	স্বাস্থ্য কার্ড ফি	১০০/-
১৭.	গ্রন্থাগার উন্নয়ন ফি	৫০০/-
১৮.	বিশ্ববিদ্যালয় উন্নয়ন ফি	২,০০০/-
১৯.	বিএনসিসি ফি	১৬০/-
২০.	গবেষণা / সেমিনার ফি	১,০০০/-
২১.	সেমিনার লাইব্রেরী ফি	৪০০/-
২২.	প্রকাশনা ও বার্ষিকী ফি	১০০/-
২৩.	হল উন্নয়ন ফি	১,৫০০/-
২৪.	পরিবহন ফি	৩০০/-
২৫.	গ্রেডসীট ফি	১০০/-
	সর্বমোট ( আইসিটি বিভাগ)	১৬,২৬০/-

এছাড়াও বিভাগ উন্নয়ন ফি বাবদ ৩,০০০/- (তিন হাজার) টাকা ও অনুষদ উন্নয়ন ফি বাবদ = ৫০০/- (পাঁচশত) টাকা মোট ৩,৫০০/= (তিন হাজার পাঁচশত) টাকা সংশ্লিষ্ট বিভাগের চেয়ারম্যান এর ব্যাংক একাউন্টে জমা দিতে হবে। একাউন্ট নম্বর বিভাগীয় অফিস থেকে সংগ্রহ করতে হবে।

উল্লেখ্য যে, ছাত্র/ছাত্রীদেরকে সংশ্লিষ্ট বিভাগ থেকে ভর্তি ফরম সংগ্রহ করে স্ব-হস্তে পূরণ পূর্বক স্ব-স্ব অনুষদে ৩০০.০০ টাকা মূল্যমানের নন-জুডিশিয়াল স্ট্যাম্প জমা দিয়ে সংশ্লিষ্ট কোটার সকল প্রয়োজনীয় কাগজপত্র সত্যায়নপূর্বক বিভাগীয় চেয়ারম্যান এর স্বাক্ষর সংগ্রহ করে, উপরোক্ত ফি সোনালী ব্যাংক লিমিটেড, মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় শাখায় নির্ধারিত সময়ে জমা দিয়ে সংশ্লিষ্ট হলে ভর্তি ফরম জমা দেয়ার জন্য নির্দেশ দেওয়া হলো।

উপরে উল্লিখিত সময়ের মধ্যে ভর্তি হতে ব্যর্থ হলে প্রার্থী ভর্তি হতে পারবে না। ফরম পূরণের সময় ঘষা-মাজা, ওভার রাইটিং ও ফুইড ব্যবহার পরিহার করতে হবে।

ভর্তির সময় নিম্ন বর্ণিত কাগজপত্র জমা দিতে হবে :

### মুক্তিযোদ্ধার সন্তান/নাতি-নাতনী ও উপজাতি কোটার ক্ষেত্রে

১। মুক্তিযোদ্ধা মন্ত্রণালয় নম্বর: ৪৮.০০.০০০০.০০৬.৩৪.০০১.১৭-৩২৭ তারিখ ২০ জুলাই ২০১৭ এর প্রেক্ষিতে মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশিত সাময়িক সনদ ও গেজেট/প্রধানমন্ত্রী প্রতিস্বাক্ষরিত সনদ/ লাল মুক্তিবর্তা/ভারতীয় তালিকার ফটোকপি।

২। প্রার্থীকে অবশ্যই এস.এস.সি. ও এইচ.এস.সি. পরীক্ষার মূল নম্বরপত্র এবং মুক্তিযোদ্ধার মূল সনদপত্রের ফটোকপি।

৩। মুক্তিযোদ্ধার নাতি-নাতনীর কোটায় ভর্তির জন্য যারা মনোনীত হয়েছে তাদেরকে দাদা-দাদী/নানা-নানীর সন্তানের সন্তান পরিচয়ের জন্য প্রয়োজনীয় কাগজপত্র দেখাতে হবে। যেমন: নানার ক্ষেত্রে মায়ের এস.এস.সি. সনদ/বিয়ের কাবিন নামা/জাতীয় পরিচয় পত্র/জন্ম সনদপত্র, দাদার ক্ষেত্রে বাবার জাতীয় পরিচয়পত্র এবং যথাযথ ওয়ারিশ সনদ এর ফটোকপি।

৪। উপজাতি কোটার ক্ষেত্রে শিক্ষার্থীদের স্ব-স্ব সার্কেল চীফ/জেলা প্রশাসক এর নিকট থেকে প্রাপ্ত সনদপত্রের ফটোকপি।

- এছাড়াও সকল শিক্ষাগত যোগ্যতার মূল সার্টিফিকেট ও নম্বর পত্র বিভাগীয় অফিসে জমা দিতে হবে।
- সকল শিক্ষাগত যোগ্যতার মূল সনদ ও নম্বর পত্রের সত্যায়িত ফটোকপি ০১ (এক) সেট।
- সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান হতে প্রাপ্ত মূল প্রশংসাপত্র।
- সদ্য তোলা পাসপোর্ট সাইজ রঙ্গীন ০৫ (পাঁচ) কপি এবং স্ট্যাম্প সাইজ ০১ (এক) কপি রঙ্গীন ছবি।

বিদ্র. বিভিন্ন কোটায় মনোনীত ভর্তিচ্ছুক প্রার্থীদের ভর্তির সময় নিজ ব্যবস্থাপনায় ৩০০.০০ টাকা (১০০.০০ টাকা করে প্রতিটি) মূল্যমানের নন-জুডিশিয়াল স্ট্যাম্প একটি অঙ্গীকারনামা প্রদান করতে হবে (স্ট্যাম্পের লেখা সংশ্লিষ্ট ডিন অফিস কর্তৃক প্রদান করা হবে)।

স্বাক্ষরিত/-

(প্রফেসর ড. মুহাম্মদ শাহীন উদ্দিন)

কো-অর্ডিনেটর "A" ইউনিট

কেন্দ্রীয় ভর্তি পরীক্ষা কমিটি ২০১৭-১৮

ও

ডিন, ইঞ্জিনিয়ারিং অনুষদ

মাভাবিপ্রবি।

কার্যার্থে অনুলিপি বিতরণ:

১. চেয়ারম্যান, আইসিটি, মাভাবিপ্রবি।
২. প্রভোস্ট, আলোমা খাতুন ভাসানী হল, মাভাবিপ্রবি।
৩. ডেপুটি পরীক্ষা নিয়ন্ত্রক ও অফিস প্রধান, ভাইস-চ্যান্সেলর অফিস, মাভাবিপ্রবি (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. ডেপুটি রেজিস্ট্রার, রেজিস্ট্রার অফিস, মাভাবিপ্রবি (রেজিস্ট্রার মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. ডেপুটি রেজিস্ট্রার, একাডেমিক শাখা, রেজিস্ট্রার অফিস, মাভাবিপ্রবি।
৬. ম্যানেজার, সোনালী ব্যাংক লিমিটেড, মাভাবিপ্রবি শাখা, সন্তোষ, টাঙ্গাইল।
৭. নোটিশ বোর্ড।
৮. নথি।